

আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

যাযাদি রিপোর্ট

আজ ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। জাতিসংঘের ঘোষণা অনুযায়ী প্রতি বছর ৮ সেপ্টেম্বর বিশ্বব্যাপী আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়ে আসছে। প্রতি বছরের মতো এবারো বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় এ দিবস উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ বছর আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের মূল প্রতিপাদ্য হলো 'সুন্দর জীবনের জন্য সাক্ষরতা'। আর এ বছরের স্লোগান হচ্ছে শিক্ষা আনে কল্যাণ/সুখ-স্বাস্থ্য অফুরান। দিবসটি উদযাপনের মূল উদ্দেশ্য হচ্ছে নিরক্ষরতার ভয়াবহতা এবং সর্বজনীন শিক্ষার গুরুত্ব সম্পর্কে সমাজকে সচেতন করে তোলা।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ এবং চিফ অ্যাডভাইজার ড. ফখরুদ্দীন আহমদ পৃথক বাণী দিয়েছেন। প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ তার বাণীতে বলেছেন, সংশ্লিষ্ট সবার অর্থবহ অংশগ্রহণের মাধ্যমে ২০১৫ সালের মধ্যে সমাজের সব স্তরে শিক্ষার আলো ছড়িয়ে দিয়ে নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়ে

তোলা সম্ভব হবে বলে তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন।

চিফ অ্যাডভাইজার ড. ফখরুদ্দীন আহমদ এ দিবস উপলক্ষে এক বাণীতে বলেছেন, শিক্ষা মানুষের জন্মগত অধিকার। আর সাক্ষরতা এই শিক্ষার প্রথম সোপান। টেকসই আর্থসামাজিক উন্নয়নে শিক্ষার গুরুত্ব অপরিসীম। সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে আমরা সাংবিধানিকভাবে দায়বদ্ধ এবং আন্তর্জাতিক অঙ্গনে প্রতিশ্রুতিবদ্ধ।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি নেয়া হয়েছে। আজ শনিবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের উদ্বোধন করবেন চিফ অ্যাডভাইজার ড. ফখরুদ্দীন আহমদ। সাক্ষরতা দিবসের গুরুত্ব তুলে ধরে বেতার ও টিভিতে বিভিন্ন অনুষ্ঠান প্রচার করা হবে। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপনে সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির পাশাপাশি বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো এবং বিভিন্ন বেসরকারি সংস্থাও নানা কর্মসূচি গ্রহণ করেছে।